Kartik 30, 1424 Bangla, November 14, 2017, Tuesday, No. 314, 47th year

H I G H L I G H T S

PM unveils a compiled book with analytical articles titled 'Bangabandhu's 7th March Speech: political epic' & its e-book format & mobile application. (R. Today: 9)

NBR Chairman has handed over income tax card & honors to Sheikh Hasina as a regular taxpayer at cabinet meeting in PM Office. (R. Today: 9)

Commerce Minister says, BNP's position will be worse than 2014 if they doesn't participate in next JS polls - 'why army can get judicial power during election,' he raises question. (R. Today:10)

AL Joint GS alleges, Khaleda Zia has misled the nation with passing false & untrue remarks - adds, next JS poll will be held under incumbent govt. as per constitution. (R. Today: 9)

Trashing AL GS allegation that Khaleda Zia has expressed her rage against PM, 1 BNP top leader says, Khaleda Zia doesn't believe in politics of vengeance. (R. Today: 9)

1 BNP boss urges govt. to come back in democracy through resolution given by Khaleda Zia & agree to caretaker govt. demand otherwise people's protesting language will transform into prevention. (R. Today: 9)

Suu Kyi pledges to ensure safe repatriation of Rohingyas who fled to Bangladesh in face of persecution in Rakhaine state - 'all Rohingyas will be taken back in 3 weeks after signing MoU with Bangladesh,' she adds. (R. Today: 8)

TIB alleges, quality of education goes down & risk of communalism being created in absence of irregularities, corruption & good governance at various levels of preparation & publication of NCTB manuscript. (R. Today:10)

Police have arrested 159 people so far centering clash with Rongpur locals due to false post of Muslim religious humiliation on Facebook. (R. Today: 10)

More than 400 people have been killed & about 7 thousand others injured after deadliest earthquake struck a mountainous region in the border between Iran & Iraq. (BBC: 2)

BBC

MORE THAN 400 PEOPLE KILLED IN IRAN'S QUAKE

Thousands of Iranians are spending the night huddling against the cold after the country's deadliest earthquake in over a decade. More than 400 people are known to have been killed and about seven thousand injured. The 7.3 magnitude quake also affected regions of neighbouring Iraq. (BBC: 06:00 hrs. 14/11/17 Zoha/Helal)

50 PEOPLE KILLED IN SYRIA

Syrian medical services say the number of civilians killed in air strikes on the northern rebel held town of Etaya has risen to more than 50. A market place was hit and video on social media shows widespread destruction. It is not clear whether they were carried out by Syrian government war planes or those of its Russian allies.
(BBC: 06:00 hrs. 14/11/17 Zoha/Helal)

UK TO STRIKE NEW DEAL WITH EU

Britain's Chief Brexit negotiator Devid Davis has promised that parliament will get a binding vote on the terms of any settlement with the European Union but not on Brexit itself. He told parliament that the new legislation will allow members to scrutinise the final package which has been seen as a major concession to the conservative government's pro-European wing. (BBC: 06:00 hrs. 14/11/17 Zoha/Helal)

ZIMBABWE'S VICE PRESIDENT SACKED

Zimbabwe's army chief has warned that the military could intervene if the factional battles in the ruling party continue. In a rare statement general constant Wenga warned that purges of Liberation War fighters in ZANU-PF had to end. His intervention follows the sacking by President Robert Mugabe his Vice President.
(BBC: 06:00 hrs. 14/11/17 Zoha/Helal)

NORTH KOREAN SOLDIER DEFEATS

South Korea's military says, a North Korean soldiers has defected to South Korea at the heavily protected de-militaries zone. The soldier was shot and injured by his own military as he crossed to the South Korean side of the joint security area. He has been taken to hospital. About one thousand people from the North flee to South Korea each year. (BBC: 06:00 hrs. 14/11/17 Zoha/Helal)

DEATH TOLL RISES TO 380 IN IRAN'S QUAKE

A huge rescue effort has been launched after a powerful earthquake struck a mountainous region in the border between Iran and Iraq. More than 380 people are confirmed dead. The powerful earthquake struck last night. Entire buildings collapsed leaving many people underneath. In just one district at least 200 people are now known to have been killed. Hospitals in the region are trying to cope with thousands of injured.
(BBC : 21:00 hrs. 13/11/17 Zoha/Helal)

EU DEFENCE AND FOREIGN MINISTERS MEET IN BRUSSELS

Twenty three EU member states have signed up to a German and French plan for closer defence cooperation at meeting of EU Defence and Foreign Ministers in Brussels. The agreement aims to build Europe's military capacity by cutting duplication and weapon system and preparing for joint mission. The EU's foreign policy Chief Federica Mogarini called it an historic moment in European defence.
(BBC : 21:00 hrs. 13/11/17 Zoha/Helal)

PUIGDEMONT WANTS NEGOTIATED SETTLEMENT

The ousted Catalan separatist leader Karles Puigdemont has said they solution for Catalonia may be something other than independence. Speaking from Belgium when he exiled himself he said, he was always open to a negotiated settlement. The Spanish Prime Minister Mariano Rajoy said dialogue had proved impossible because the separatists only wanted to talk about independence.(BBC : 21:00 hrs. 13/11/17 Zoha/Helal)

SAUDI ARABIA NOT TO ALLOW YEMEN'S PORT TO REOPEN

The Saudi led coalition says, it would not allow Yemen's main port to reopen until a better system is putting place to prevent weapons smuggling. The coalition imposed a complete blockade on Yemen after Houthi rebels fired a missile into Saudi Arabia more than a week ago. Aid agencies warned this could worsen the humanitarian situation in the country. (BBC : 21:00 hrs. 13/11/17 Zoha/Helal)

SOUTH AFRICA NOT TO PROVIDE FREE HIGHER EDUCATION

A South African commission has concluded that providing free education for all higher education students would not be possible. The commission was set up following nationwide protest by students over hikes in university fees. The report says there is insufficient financial capacity in the state to provide totally free higher education and training. (BBC : 21:00 hrs. 13/11/17 Zoha/Helal)

রংপুরে সহিংসতার ঘটনায় এখন পর্যন্ত ১০৮ জন আটক

বাংলাদেশের রংপুরের গঙ্গাচরায় ফেইসবুকে দেওয়া পোস্টের জন্য ইসলাম ধর্মের অনুভূতিতে আঘাতের অভিযোগ নিয়ে হিন্দুদের বাড়ি ঘরে অগ্নিসংযোগ এবং সংঘর্ষের ঘটনায় এখন পর্যন্ত ১০৮ জনকে গ্রেফতার করেছে পুলিশ। বাংলাদেশে গত পাঁচ বছরে একই ধরনের আরও অন্ততঃ তিনটি ঘটনা ঘটেছে। সেই সব ঘটনার কোনটিরই এখন পর্যন্ত বিচার হয়নি। কোনটির তদন্ত এখনও শেষ হয়নি। কোনটি আদালতে বিচারাধীন অবস্থায় রয়েছে। কেন এই দীর্ঘসূত্রিতা খোঁজ নিয়েছেন ঢাকায় আমাদের সংবাদদাতা সাইয়েদা আক্তার :

বাংলাদেশে রংপুরের গঙ্গাচরা গ্রামের একজন ফেইসবুকে ধর্মীয় অবমাননা মূলক পোস্ট দিয়েছেন বলে অভিযোগ করে শুক্রবার কয়েকশ মানুষ ঐ গ্রামে হামলা চালায়। এই সময় পুলিশের পাল্টা গুলিতে অন্ততঃ একজন নিহত হয়। এরপর শনিবারেও ঐ গ্রামে উত্তেজনা চলছিল। এমন প্রেক্ষাপটে আজ পর্যন্ত ১০৮ জনকে গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছেন রংপুরের পুলিশ সুপার মিজানুর রহমান, (স্বকণ্ঠে): ঘটনার পুরোটা এবং পুরো মিছিল, লুটপাটের এবং অগ্নিসংযোগে পুরো ঘটনা আমরা ক্যামেরা বন্দী করেছি। সেখানে যারা যারা সম্পৃক্ত ছিল তাদেরকে চিহ্নিত করে আস্তে আস্তে আমরা তাদের ধরছি। তদন্তের সব প্রক্রিয়াই অব্যাহত আছে। গঙ্গাচরা গ্রামের টিটুরায় নামের এক ব্যক্তির কথিত ফেইসবুক পোস্ট নিয়ে সেখানে গত কয়েক দিন ধরেই উত্তেজনা চলছিল। যদিও পুলিশ সুপার মি. রহমান জানিয়েছেন কথিত ফেইসবুক পোস্টই আসল কিনা সেই তদন্ত শেষ হবার আগেই হিন্দু গ্রামে হামলার ঘটনা ঘটানো হয়েছে। বাংলাদেশে গত পাঁচ বছরে একই ধরনের আরো অন্তত তিনটি ঘটনা ঘটেছে। যেখানে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে ধর্মীয় অবমাননাকর পোস্ট দেবার অভিযোগ তুলে হিন্দুদের বাড়ি ঘরে আগুন দেওয়া হয়েছে। ২০১২ সালে কক্সবাজারের রামুর এক বৌদ্ধ পল্লীতে একই ধরনের ঘটনা ঘটেছিল। সেই ঘটনায় মোট ১৯টি মামলা দায়ের হয়েছিল। পরবর্তীতে এর মধ্যে একটি মামলা প্রত্যাহার করে নেওয়া হয়। রামুর ঘটনাটি এখন আদালতে বিচারাধীন অবস্থায় রয়েছে। রামু সহিংসতা মামলার আইনজীবী ব্যারিস্টার জ্যোর্তিময় বড়ুয়া বলছিলেন মামলায় কার্যত কোন অগ্রগতী এখনও পর্যন্ত নেই, (স্বকণ্ঠে): প্রাথমিকভাবে প্রায় ১৫,০০০ আসামীর নাম থাকলেও ১৯টি মামলাতে পরে ৩৮৪ জনের নামে অভিযোগপত্র দেওয়া হয়। কোন মামলার ক্ষেত্রে তদন্ত সঠিক হয়নি বলে পুনরায় অধিকতর তদন্তের জন্য পাঠানো হয়েছে। ঘটনার প্রায় পাঁচ বছর পার হয়ে গেল। কার্যত আইনগতভাবে অপরাধীদের শাস্তির ব্যবস্থা বা যারা নির্যাতিত হলেন তাদের জন্য কোন ব্যবস্থা সেটা কিন্তু কোনভাবেই দাড়ায়নি।

এরপর ২০১৩ সালে পাবনার সাথিয়া উপজেলার বনগ্রাম বাজারে ধর্মীয় অবমাননার অভিযোগে অর্ধশত হিন্দু বাড়ি ঘর ও মন্দীরে হামলা, ভাঙ্গচুর এবং অগ্নিসংযোগ করা হয়। কিন্তু পুলিশের তদন্তে কথিত ধর্মীয় অবমাননার কোন পোস্টের অস্তিত্ব পাওয়া যায়নি। এরপর ২০১৬ সালের ২৯শে অক্টোবর ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে অনেকটা একই কায়দায় একটি হিন্দু পল্লীতে হামলা চালানো হয় এই একই ধরনের অভিযোগ তুলে। এক বছর পরেও সেই ঘটনার তদন্ত শেষ হয়নি। ব্রাহ্মণবাড়িয়ার অতিরিক্ত পুলিশ সুপার মোঃ ইকবাল হোসেন বলছেন মামলাগুলোর তদন্ত চলছে, (স্বকণ্ঠে): তথ্য প্রযুক্তি আইনে যে মামলাটি ছিল সেই হামলার বিষয়টি রস-রাজের ফেইসবুকে একাউন্ট থেকে যে স্ট্যাটাসটা দেওয়া হয়েছিল ঐটা আমরা সংগ্রহ করেছি। তার মোবাইল একাউন্ট থেকে এইটা পোস্ট করা হয়েছে সেটা আমরা নিশ্চিত হয়েছি। আর এইটাকে কেন্দ্র করে যে সাতটি মামলা হয়েছে আশা করি ডিসেম্বরের মধ্যে আমরা চার্জশিট দিতে পারবো।

আইন-শৃঙ্খলা বাহিনী বলছে, সব কয়টির ক্ষেত্রে তদন্তের পর দেখা গেছে ধর্মীয় অবমাননাকর পোস্টগুলোর অস্তিত্ব খুঁজে পাওয়া যায়নি। কিন্তু এই ধরনের ঘটনাগুলোর বিচারে যে দীর্ঘসূত্রিতা দেখা যাচ্ছে তার কারণ কি, জানতে চেয়েছিলাম জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হকের কাছে, (স্বকণ্ঠে): আমরা সবাই জানি বিচার কার্য যত বিলম্বিত হবে মামরার মেরিটটা নষ্ট হয়ে যাবে। ৮০ শতাংশ মামলায় দেখা গেছে যে আসামীরা খালাস পেয়ে গেছে। কিন্তু আমরা এই কথা কোন মতেই স্বীকার করতে পারি না যে ৮০ শতাংশই আসামীরাই নিরাপরাধ ছিল। অন্যদিকে বাংলাদেশের আইন অনুযায়ী ধর্মীয় অনুভূতিতে আঘাত দেয়া দন্ডবিধী ও ফৌজদারি কার্যবিধী আইনের বিভিন্ন ধারায় শাস্তিযোগ্য একটি অপরাধ। ফলে বিভিন্ন সময় এই যে ধর্ম অবমাননাকর বিভিন্ন ঘটনার অভিযোগ শোনা যায় সেই সবের বিচারের কথাও তেমন একটা শোনা

যায় না। জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান মি. হক বলছেন, বেশির ভাগ সময় ধর্মীয় ইস্যুটিকে ব্যবহার করা হয়েছে। তবে, ধর্ম অবমাননার ব্যাপার ঘটলে সেটারও শাস্তি হওয়া উচিৎ বলে তিনি মনে করেন।
(বিবিসি: ১৯:৩০ ঘ. ১৩/১১/১৭ প্রতীক/আশরাফ)

পাঠ্যপুস্তক পরিবর্তন, পরিমার্জনের অনেক ক্ষেত্রেই রাজনৈতিক সরকারগুলোর মতাদর্শের প্রতিফলন ঘটছে

বাংলাদেশে এক গবেষণা রিপোর্টে বলা হচ্ছে, পাঠ্য-পুস্তকে পরিবর্তন, পরিমার্জনের অনেক ক্ষেত্রেই রাজনৈতিক সরকারগুলোর মতাদর্শের প্রতিফলন ঘটছে। এ প্রক্রিয়ায় যথাযথ স্বচ্ছতা এবং পেশাদারিত্ব অনুসরণ করা হচ্ছে না। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ বা টিআইবি'র এ গবেষণা প্রতিবেদনে বলা হয়েছে, সরকার পরিবর্তনের সাথে সাথে কিছু কিছু পাঠ্য বইয়ের বিষয়, এমনকি শব্দের পরিবর্তন করা হচ্ছে। এছাড়া পাঠ্য বইয়ের পান্ডুলিপি প্রণয়নের ক্ষেত্রে কমিটি করা হয়, সেখানে ক্ষমতাসীন দলের মতাদর্শের সমমনা লোকজনকে প্রাধান্য দেওয়া হয়। ঢাকা থেকে ফারহানা পারভিন :
দুর্নীতি নিয়ে গবেষণা করে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ সোমবার তাদের একটি প্রতিবেদনে বলছে। সরকার পরিবর্তনের সাথে সাথে পাঠ্য বইয়ের বিষয়ে এবং শব্দেরও পরিবর্তন হয়। এছাড়া প্রাথমিক এবং মাধ্যমিক পর্যায়ের পাঠ্য-পুস্তক তৈরি, ছাপা, বিতরণে ব্যাপক অনিয়মের তথ্য তুলে ধরেছে টিআইবি। প্রতিষ্ঠানটির নির্বাহী পরিচলক ড. ইফতেখারুজ্জামান বলেন, (স্বকণ্ঠে): পান্ডুলিপি গঠনের ক্ষেত্রে যে কমিটি গঠন করা হয়, সেখানে বেশীরভাগ সময় ক্ষমতাসীন দলের ভাবধারায় লোকদের নিয়োগ দেওয়া হয়। যারা হয়তো সে বিষয়ে যথেষ্ট ধারণা রাখেন না।
ঝালকাঠির হরচন্দ্র সরকারি বালিকা বিদ্যালয়ের শিক্ষক শিরিন শারমিন বলেন, ক্ষমতার পট-পরিবর্তনের সাথে সাথে বার বার পাঠ্য-পুস্তকের বিষয়বস্তুরও পরিবর্তন হয়েছে। যেটা তিনি তার শিক্ষা জীবন ও শিক্ষকতার পেশায় লক্ষ্য করেছেন। এদিকে পাঠ্যবই ছাপা এবং বিতরণের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড বা এনসিটিবি'র কর্মকর্তাদের একাংশের দরপত্র অনিয়মের সাথে জড়িত বলে উল্লেখ করছে টিআইবি। এদিকে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান নারায়ন চন্দ্র শাহ'র কাছে টিআইবি'র প্রতিবেদনের বিষয়ে জানতে চাওয়া হলে, তিনি বলেন এ প্রতিবেদনটি তারা খতিয়ে দেখবেন। তারপরেই এ বিষয়ে মন্তব্য করবেন। (বিবিসি: ১৯:৩০ ঘ. ১৩/১১/১৭ ফারুক/আশরাফ)

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাক্ষাৎকার

স্কুলের পাঠ্যক্রম পরিবর্তনে সরকারের রাজনৈতিক মতাদর্শ গুরুত্ব পাচ্ছে বলে যে কথা টিআইবি'র এই প্রতিবেদনে বলা হয়েছে। সেই সম্পর্কে প্রতিক্রিয়া জানতে আমি কথা বলেছিলাম বাংলাদেশের শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাথে।
মি. নাহিদ : প্রথম কথা হলো যে তাদের সাথে সরকারে কী বলছে তাদের এই বিবেচনাটা সঠিক নয়। আর দ্বিতীয় কথা হচ্ছে যেহেতু আমাদের শিক্ষা সর্বজন স্বীকৃত যে শিক্ষা একটা গতিশীল বিষয় তার মানে সাবজেক্ট। প্রতিনিয়ত বিকাশ ঘটছে ডেভেলপমেন্ট হচ্ছে তার সাথে সঙ্গতি রেখে যদি আমরা আমাদের পাঠ্য-পুস্তক আমাদের কারিকুলাম পরিবর্তন করে আমরা লাভবান যদি না হই তাহলে ভবিষ্যতের সাথে তাল মিলিয়ে চলতে পারবো না। তৃতীয় কথা হচ্ছে যে আমরা এমন কোন পরিবর্তন নিয়ে আসি নাই যে পরিবর্তনের ফলে একটা অস্বাভাবিক কিছু হচ্ছে। আমরা খুবই এই ব্যাপারে বরং অনেকে অভিযোগও করতে পারে যে আমরা একেবারেই ধীরে ধীরে আগাই। এমনকী আমরা নতুন সব ছেলেমেয়েদের স্কুলে নিয়ে আসছি এই সরকার আসার পরে। অর্ধেক শিশু স্কুলে আসতো না তাদেরকেও নিয়ে আসছি আমরা এখন। তার ফলে যখুনি আমাদের কোন ভুলত্রুটি ধরা পরে তখনি পরিবর্তন আসে সেটি আমরা করি। ইদানিং প্রথম আমরা মাধ্যমিক বারোটি বই এইবার করেছি যেটার মধ্যে এমন কোন পরিবর্তন নেই। যেগুলো সকলের দাবি ছিল যে বেশি সাবজেক্টে বোঝা হয়ে যাচ্ছে অনেক কিছু কঠিন হয়ে যাচ্ছে এবং যার জন্যে এটা আরো সহজতর করা উচিত।
বিবিসি: কিন্তু ওনাদের কথা হচ্ছে সেই পরিবর্তনগুলো স্বচ্ছতার সাথে হচ্ছে না।
মি. নাহিদ : কী বলবো এই যে আমরা করলাম এটা কী আমাদের দেশের শ্রেষ্ঠ শিক্ষক, শিক্ষাবিদ, বিজ্ঞানী, লেখক তাদের সবাইকে নিয়ে আমরা অনেকগুলো নতুন করে প্রকাশ্য সাংবাদিকদের সামনে আমরা ওয়ার্কশপ করে কথা বলে এবং তাদের সামনে এইগুলো হস্তান্তর করা হয়েছে। এতে তো স্বচ্ছতা আর কীভাবে হবে।
বিবিসি: না, মি. তখন যে বিতর্কগুলো হয়েছিলো যখন আপনি পরিবর্তন করেছিলেন এখন কিন্তু অনেক ঐ কমিশনে যারা ছিলেন সিটিবি'র কমিশনে। তারাও বরং অনেকে অবাক হয়েছেন যে ওনারা তো জানতেন না যে এই জিনিসগুলো বাদ যাবে এই জিনিসগুলো ঢুকবে।
মি. নাহিদ : প্রথমতঃ যখন আমাদের কমিটি থাকে তখন সেই কমিটির মধ্যে যারা থাকেন তারাই করেন আমরা তো আর লিখিনা তারাই লিখেন। কিন্তু আমরা পরামর্শ নেই তার বাইরেও যারা লিখেন, যারা অনেক প্রবীণ শিক্ষক অনেক জ্ঞানী শিক্ষক সাধারণ ছাত্র শিক্ষক তাদেরকে নিয়ে আমরা করি। তো আপনি দূরের থেকে অভিযোগ করলে আমি তো বললাম এটা সঠিক করেন নাই। কিন্তু আমরা তো করে যাচ্ছি আমরা তো এগুচ্ছি আমাদেরকে এই যে কথা বললেন তার জন্য পরামর্শ দেন নিরুপন করেন। তারা এসে বলুক যে এই জায়গাটায় ভুল হইছে রাজনীতি যে তাদের একটা পেশা অন্যের সমালোচনা করা অন্যের দোহাই দেওয়া অন্যকে ছোট করা। এর বাইরে তো আর আমি কিছু পাইনা রাজনৈতিকভাবে এসব করা হচ্ছে।

বিবিসি: আপনি তাহলে দাবি করবেন যে ওনারা যেটা বলছেন টিআইবি যে এই যে পরিবর্তন, পরিমার্জনগুলো করা হচ্ছে। মাঝে মধ্যেই সেইগুলো প্রায় প্রায়ই করা হচ্ছে সেগুলোর পিছনে প্রফেশনালিজম নাই। সরকারের একটা রাজনৈতিক ইচ্ছার প্রতিফলন ঘটছে আপনি এটা অস্বীকার করবেন।

মি. নাহিদ : গণিতে, ফিজিক্সে, কেমেস্ট্রিতে টেকনোলোজিতে বলেন এখানে রাজনৈতিক উদ্দেশ্য কী হবে এটি তো সঠিক কথা না। এজন্য বললাম তারা এসে এসব দেখাই দিয়ে যাক তারা কাজ করাইয়া লেখাইয়া বই পুস্তকে দিয়ে দেন ছেলেরা শিখুক। আর দূর থেকে বললে তাদের অভিযোগটা সঠিক হবে না। (বিবিসি: ১৯:৩০ ঘ. ১৩/১১/১৭ কবির/আশরাফ)

ইরানের ইতিহাসের ভয়াবহ ভূমিকম্পে চারশ'রও বেশি মানুষ নিহত

ইরানের ইতিহাসে অন্যতম ভয়াবহ ভূমিকম্পে ৪০০শ'রও বেশি মানুষ নিহত এবং সাত হাজারেরও বেশি মানুষ আহত হওয়ার পর এখন সেখানে উদ্ধার অভিযান চলছে। ভেঙ্গে পড়া ভবনের নীচে বা ধ্বংসস্তুপের ভেতর কোন মানুষ চাপা পড়ে আছে কি না সেটিই এখন সবার আগে খতিয়ে দেখছেন উদ্ধারকারী দলগুলো।(বিবিসি: ০৬৩০ ঘ.১৪/১১/১৭ খালেদা/নারগীস)

রংপুরের ঘটনায় আগ বাড়িয়ে বিবৃতি দিচ্ছে ভারত: বিবিসি

রংপুরের হামলায় ক্ষতিগ্রস্ত হিন্দুদের ক্ষতিপূরণ দেওয়ার বা না দেয়া নিয়ে বাংলাদেশ সরকারের কারো মুখ থেকে নতুন কিছু শোনা না গেলেও ভারতের পররাষ্ট্রমন্ত্রী বলেছেন ভারত সেই আশ্বাস পেয়েছে। মন্ত্রী সুষমা স্বরাজ এক টুইট বার্তায় জানিয়েছেন যে রংপুরের ক্ষতিগ্রস্ত হিন্দুদের ক্ষতিপূরণ দেয়ার ব্যাপারে বাংলাদেশ ভারতকে আশস্ত করেছে। এব্যাপারে ঢাকায় ভারতের হাইকমিশনার বাংলাদেশের কর্তৃপক্ষের সাথে আলোচনাও করেছেন। ভারতের পররাষ্ট্রমন্ত্রী কোন পরিপ্রেক্ষিতে ঠিক বলেছেন বিস্তারিত জানাতে আমাদের সাথে যোগ দিচ্ছেন বিবিসি'র সংবাদদাতা শুভজ্যোতি ঘোষের সাথে।

সাকিল ঘটনাটি যেটা ঘটেছে ভারতের আসাম থেকে এক ব্যক্তি টুইটারে সুষমা স্বরাজের দৃষ্টি আকর্ষণ করে রংপুরে হিন্দুদের উপর হামলার ঘটনার ব্যাপারে টুইটার সুষমা স্বরাজ অত্যন্ত সক্রিয় থাকেন তিনি সাথে সাথেই জবাব দেন যে আমরা বিষয়টার প্রতি নজর রাখছি। ঢাকায় ভারতের হাইকমিশনার বাংলাদেশের কর্তৃপক্ষের সাথে ব্যাপারটি নিয়ে বিস্তারিত যোগাযোগ রাখছেন এবং বাংলাদেশ সরকার ভারতকে আশ্বস্ত করেছে যে রংপুরের হামলায় আক্রান্ত হিন্দু পরিবারগুলোকে ক্ষতিপূরণ দেয়া হবে। এই তথ্য বাংলাদেশ সরকারের পক্ষ থেকে আসেনি। মি. স্বরাজ তার টুইটার বার্তায় একথা জানিয়েছেন।

বিবিসি ঃ শুভ, আপনি যেটা বলছিলেন যে, বাংলাদেশ সরকারের দিক থেকে এব্যাপারে কিছু বলা হয়নি কিন্তু ভারতের পররাষ্ট্রমন্ত্রী সেই ঘোষণা দিয়েছেন যে বাংলাদেশ সরকার বলেছে যে রংপুরের ক্ষতিগ্রস্ত হিন্দুদেরকে ক্ষতিপূরণ দেয়া হবে। অনেকের চোখ কপালে উঠতে পারে ভারতও ঘোষণা দিচ্ছে কেন ?

শুভজ্যোতি ঃ সাড়ে তিন বছর আগে মোদি সরকার ক্ষমতায় এসেছে। তাদের ঘোষিত নীতিই হচ্ছে প্রতিবেশী দেশে হিন্দু বা অন্য ধর্মীয় সংখ্যালঘু যখন আক্রন্ত হবেন ভারত সরকার তাদের আশ্রয় দেবে, ভারত তাদের সাহায্য দেবে। এমন কি তাদেরকে নাগরিকত্বও দেয়ার কথাও বলা হয়েছে। এটা সরকারের ঘোষিত নীতি এবং এর আগেও যখন বাংলাদেশে হিন্দু নির্বাচনের ঘটনা ঘটেছে বা অভিযোগ উঠেছে সুষমা স্বরাজ সেটাও নিয়ে টুইট করেছেন এবং বলেছেন যে তাদের নিরাপত্তার ব্যাপারটা বাংলাদেশ দেখছে বলে ভারতকে কথা দিয়েছে। এক্ষেত্রে তিনি ক্ষতিপূরণের কথা বলেছেন। কিন্তু এর আগেও বাংলাদেশে হিন্দুদের ভাতের নিরাপত্তা নিয়ে ভারতের উদ্বেগ গোপন করা হয়নি।

বিবিসি ঃ শুভ, ব্যাপারটি কি তাহলে এরকম যে বিজেপি দেখতে চাইছে যে তারাই হচ্ছে বিশ্বের সমস্ত হিন্দুদের ত্রাণকর্তা। বিষয়টি কি এরকম ?

শুভ জ্যোতি ঃ অনেকটা এরকমই কারণ নরেন্দ্র মোদি ২০১৪ সালের আগে তার নির্বাচনী জনসভাগুলোতে বারবার বলেছেন যে পৃথিবীতে যদি হিন্দুরা কোথাও আক্রান্ত হয় তাহলে তাদের যাওয়ার জায়গা একটাই সেটা হছিল ভারত। বাংলাদেশের হিন্দুদের ক্ষেত্রে ভারত যে তাদের ভুলে যায়নি সেটাই সুষমা স্বরাজের টুইটের মূল কথা। পর্ববেক্ষকরা সেভাবেই ব্যাপারটি দেখছেন।

বিবিসি ঃ এতে করে দেশের ভেতরে রাজনীতিতে বিজেপির সুবিধা হচ্ছে।

শুভ জ্যোতি ঃ হয়তো হচ্ছে, সামনে গুজরাটের নির্বাচন আছে। সেখানে একটি বার্তা দেয়ার ব্যাপার আছে হিন্দু হৃদয় সম্রাট বলে মোদির যে পরিচয় তার সরকারের পররাষ্ট্রমন্ত্রী হয়তো সে বার্তাটাই দিতে চাইছেন যে শুধু ভারতের হিন্দু নয়, প্রতিবেশি হিন্দুদেরকেও ভারত কিন্তু ভুলে যায়নি। এইভাবে ভারতের আরেক প্রতিবেশি দেশ মিয়ানমার যখন রোহিঙ্গা মুসলিমরা নির্যাতিত হচ্ছেন তাদের ব্যাপারে কিন্তু ভারত মুখ খোলেনি। সে জায়গায় রংপুরের ঘটনায় আগবাড়িয়ে প্রায় সঙ্গে সঙ্গে বিবৃতি বোঝাই যাচ্ছে যে কতটা পার্থক্য বা অবস্থানের দিক থেকে ভারত সরকারের ফারাক রয়েছে।

(বিবিসি: ৬:৩০ ঘ: ১৪/১১/১৭ আছাদ/কুহিনূর)

আজ বিশ্ব ডায়াবেটিস দিবস

বাংলাদেশে ডায়াবেটিসে আক্রান্ত গ্রামীণ নারীদের সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হচ্ছে সচেতনতার অভাব। এই বিষয়টিকে প্রাধান্য দিয়ে সারাদেশে আজ পালিত হবে বিশ্ব ডায়াবেটিস দিবস। এ বছর গুরুত্ব দেয়া হচ্ছে 'ডায়বেটিস ও নারী' এই প্রসঙ্গে।

বাংলাদেশে ডায়াবেটিস রোগীর প্রকৃত সংখ্যা নিয়ে নিশ্চিত হওয়া না গেলেও বিশেষজ্ঞরা মনে করেন রোগীর সংখ্যা অন্তত একাত্তর লাখ, যার অর্ধেকই হচ্ছেন নারী। এই দিবসটিকে বিশ্ব ডায়াবেটিস দিবস হিসেবে জাতিসংঘের স্বীকৃতির পেছনে রয়েছে বাংলাদেশের অবদান। বিষয়টি নিয়ে কথা বলেছিলাম বাংলাদেশ ডায়াবেটিস সমিতির সভাপতি ও অধ্যাপক এ কে এম আজাদ খানের সাথে।

মি. আজাদ ঃ বাংলাদেশের ডায়াবেটিক সমিটির হয়ে আমি বাংলাদেশের যে পররাষ্ট্রমন্ত্রী তাকে অনুরোধ করি যে পৃথিবীতে ডায়াবেটিস যেভাবে বেগে যাচ্ছে তাতে এটার জন্য একটা দিবস পালন করা হলে মানুষের সচেতনতা বাড়বে। কাজেই এটার জন্য উদ্যোগ নেয়া হোক। তো উনি আমার কথায় রাজী হলেন এবং তখন জাতিসংঘে বাংলাদেশের যে স্থায়ী প্রতিনিধি ছিলেন জনাব ইফতেখার চৌধুরী সাহেব তাকে নির্দেশ দেন এটা যাতে জাতিসংঘের সামনে উপস্থাপন করা হয়।

বিবিসি ঃ এই যে চলতি বছরের যে থিম নেয়া হয়েছে বাংলাদেশের ৩৫ লাখ ডায়াবেটিক যে নারীরা আছেন তাদের জন্য আসলে এর গুরত্বটা ঠিক কোথায়।

মি. খান ঃ দেখুন নারীদের জন্য ডায়াবেটিস একটা বিশেষ দিক। কারণ নারীরা যখন গর্ভবতী হন তখন তাদের ডায়াবেটিস হওয়ার সম্ভাবনা বেড়ে যায়। গুপ্ত থাকলে তখন সেটা প্রকাশ হয়ে যায়। গর্ভাবস্থায় ডায়বেটিস যখন প্রথম প্রকাশ পায় তাকে গর্ভকালীন ডায়বেটিস বলা হয়। এটা যদি হয় তাহলে ঐ মহিলার ভবিষ্যতে ডায়বেটিস হওয়ার সম্ভবনা বেড়ে গেল এবং ঐ শিশুরও ডায়বেটিস হওয়ার সম্ভাবনা বেড়ে গেল। যদি এটাকে ঐ অবস্থায় নিয়ন্ত্রণ করে আনা হয় তাহলে হয়ত সম্ভাবনা কিছুটা কমবে। আর নিয়ন্ত্রণ না করলে ডায়াবেটিসের সম্ভাবনা অনেক অনেকগুন বেড়ে যাবে এবং ঐ শিশুর ভবিষ্যতে ডায়াবেটিস হওয়ার সম্বাবনা বেড়ে যাবে। ডায়াবেটিস অনিয়ন্ত্রিত থাকলে বিকলাঙ্গ শিশু, গর্ভপাত ইত্যাদি হওয়ার সম্ভাবনা থাকে। কাজেই এটার জন্য জনগনকে সচেতন করা, নারীদেরকে সচেতন করা এটাই হলো এই দিবসের উদ্দেশ্য।

বিবিসি ঃ বাংলাদেশে ডায়বেটিসে আক্রান্ত যেসব নারী রোগী আছেন তাদের সামনে এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ কোনটা?

মি. আজাদ ঃ চ্যালেঞ্জ বলতে যাদের ডায়াবেটিস আছে তাদের সেই ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখাটাই হচ্ছে চ্যালেঞ্জ। আরেকটা আমি বলবো তাদের যে পরিবারবর্গ আছে, বন্ধুবান্ধব আছে তাদেরকে সচেতন করা। টাইপ-২ ডায়বেটিস কিন্তু বাংলাদেশে সম্পূর্ণভাবে প্রতিরোধ করা সম্ভব। কাজেই তাদেরকে সেভাবে সচেতন করা যে এটা যেহেতু প্রতিরোধ করা সম্ভব কাজেই তারা যেন প্রতিরোধ করে। আর ডায়াবেটিস যদি নিয়ন্ত্রণে থাকে তাহলে শিশু সুস্থ্য স্বাভাবিক জীনব যাপন করতে পারে এবং এই নিয়ন্ত্রণটা আজীবন রাখতে হবে। সেজন্য ডায়াবেটিস আক্রান্ত রোগী নিজেকে রোগ সম্পর্কে প্রশিক্ষিত হতে হবে যাবে সে নিজেকে এবং অন্যকে নিয়ন্ত্রণে রাখতে সক্ষম হয়। (বিবিসি: ৬:৩০ ঘ: ১৪/১১/১৭ খালেদা/কুহিনূর)

রোহিঙ্গা ইস্যুতে জাতিসংঘের সাধারণ পরিষদে এক প্রস্তাবের উপরে আজ রয়েছে আলোচনা

মিয়ানমারে রাখাইন সহিংসতা বন্ধ, সংখ্যালঘু রোহিঙ্গাদের দেশে ফিরিয়ে নেয়া এবং তাদের কর্মী নাগরিকত্ব দেয়ার দাবিতে জাতিসংঘের সাধারণ পরিষদে আজ এক প্রস্তাবের উপরে আলোচনা হওয়ার কথা রয়েছে। ওআইসি দেশগুলোর ব্যানারে মিশর, সৌদি আরব এবং তুরস্ক এই প্রস্তাবের খসড়া পেশ করেছে। আলোচনায় অগ্রগতি হলে এই নিয়ে ভোট হওয়ারও সম্ভাবনা রয়েছে। জাতিসংঘের সাধারণ পরিষদের কাজের পরিধি নিয়ে সহকর্মী মাসুদ হাসান খান কথা বলছিলেন জাতিসংঘে বাংলাদেশের সাবেক স্থায়ী প্রতিনিধি ড. এ.কে.এ. মোমেনের সঙ্গে। তিনি তাকে জিজ্ঞেস করেছিলেন রাখাইনের সঙ্কট সমাধানের প্রশ্নে সাধারণ পরিষদের আলোচনা থেকে কি খুব বেশি কিছু একটা আশা করার সুযোগ আছে?

মি. মোমেন: জাতিসংঘের সাধারণ পরিষদের ছয়টি কমিটি আছে। সেই কমিটিগুলোতে সাধারণত ইস্যু আলোচনা হয়। তবে খুব জরুরী থাকলে কমিটি থেকে বাইরে এসে ইউএন সাধারণ পরিষদের সদস্যের মধ্যে আলোচনা চলে। হিউম্যান রাইটস গ্রুপ যেটা সেটা থার্ড কমিটি। সেখানে ওআইসি'র সদস্যভুক্ত সৌদি আরব, মিশর এবং তুরস্ক একটা প্রস্তাব পেশ করেছে সেটার উপরে আলোচনা হবে। নেগোসিয়েশন হবে। নেগোসিয়েশনটা হবে রেজুলেশনের ট্যাক্সের উপরে। কী থাকবে, ঐগুলো তো মোস্টলি কনসেন্সসেস এগ্রিমেন্ট হয় তারপর ঐটা ইউএনডিএতে আসে। আর অনেক সময় আমরা ডাইরেক্টলি ইউএনডিএতে নিয়ে আসি। ইউএনডিএ-তে যদি রেজুলেশন পাসহয় তাহলে এটা একটা ভ্যালু তৈরি হয়। এই ইস্যুটা নিয়ে বিশ্ববাসী উদ্বিগ্ন সেটার একটা নিশানা পাওয়া গেল এবং দ্বিতীয়ত এটা পাস হলে পরে বিশেষ করে মেম্বার কান্ট্রির উপরে এটা অবলিগেটরি না।

বিবিসি: অর্থাৎ এক্ষেত্রে মিয়ানমার চাইলে বিষয়টাকে উপেক্ষা করতে পারবে?

মি. মোমেন: উপেক্ষা করতে পারবে এবং সিকিউরিটি কাউন্সিলের তো উপেক্ষা করা সম্ভব না কারণ মেন্ডাটরি কিন্তু এটা উপেক্ষা করতে পারে। তবে এটা যদি পাস হয়, তাহলে ইউএনএ যত অর্গানাইজেশন আছে ইউনিসেফ, ইউএনডিপি, ডাব্লিউটিও, ইউএনএফবিএ যতগুলো অর্গানাইজেশন হিউম্যান রাইটস কমিশন সবকিছুর উপরে এই রেজুলেশনের বক্তব্যটা মেন্ডাটরি থাকবে। তাদের কিন্তু এটা অবজারভ করতে হবে। এটা যেহেতু একটা বড় ডিল। তবে সেজন্য আবার রেজুলেশনের মধ্যে থাকতে হবে। সেক্রেটারি জেনারেল পরবর্তী মিটিংয়ে এটার উপরে রিপোর্ট করবেন যে, কী, এই রেজুলেশনের অংশবিশেষগুলো কতদূর পালিত হ'ল।

বিবিসি: জাতিসংঘের সাধারণ পরিষদের পরে বিষয়টাকে নিরাপত্তা পরিষদে নিয়ে যাওয়াটা কী সহজ হয়ে যায় না সেটা আবার নতুন প্রক্রিয়ায় শুরু করতে হয়?

মি. মোমেন: সিকিউরিটি কাউন্সিলটা ইন্ডিপেনডেন্ট। যে কোন প্রস্তাব সে গ্রহণ করতে পারে, রিজেক্ট করতে পারে এবং সিকিউরিটি কাউন্সিলে যে কয়েকজন সদস্য আছেন, স্থায়ী সদস্য আছেন তারা একজনই যদি ভেটো দেন, তাহলে ওখানে এটি সমস্যা হয়। অনেক সময় সিকিউরিটি কাউন্সিলের এই পাঁচজন পার্মানেন্ট মেম্বার ওদের যদি কনসেনসাস না হয়, তাহলে রেজুলেশন পাস সম্ভব না। হবেই না। তবে মিয়ানমারের রোহিঙ্গা মুসলমানদের জন্য এই নিয়ে খুব একটা কিন্তু হবে বলে যথেষ্ট সন্দেহ আছে।

বিবিসি: কারণ নিরাপত্তা পরিষদে মিয়ানমারের প্রবল সমর্থক দেশ চীন রয়ে গেছে। তারা যে কোন সময় ভেটো দিয়ে ফেলতে পারবে?

মি. মোমেন: তারা ভেটো দিলে ঐটা বিল আকারে পাস হবে না।

বিবিসি: মিয়ানমারের বিরুদ্ধে এর আগেও অনেকবার নিষেধাজ্ঞা হয়েছে, তারা নানা ধরনের আন্তর্জাতিক চাপ তারা মোকাবেলা করেছে। জাতিসংঘের সাধারণ পরিষদের এসব তৎপরতায়। এগুলো কী তাদের কিছু যায় আসে?

মি. মোমেন: মিয়ানমার বছরের পর বছর পশ্চিমা রাষ্ট্রগুলোর বিভিন্ন রকমের এই চাপ উপেক্ষা করেছে। কারণ তার সবচেয়ে বড় সাহস হচ্ছে চীন। ওরা তাদের সব সময় সাপোর্ট দিয়েছে। বাংলাদেশও সব সময় মিয়ানমারকে সাপোর্ট দিয়েছে। সুতরাং ওরা উপেক্ষা করা জানে, ওরা উপেক্ষা করে। কিন্তু উপেক্ষা লং টার্ম করা সম্ভব না। এখন যদি সব দেশ তার উপরে চাপ সৃষ্টি করে তাহলে একদিন না একদিন এর একটা বিহীত হবে। (বিবিসি: ০৬৩০ ঘ. ১৪/১১/১৭ এলিনা/নারগীস)

পুলিশের অনৈতিক কর্মকাণ্ডের বিষয়ে সাধারণ মানুষের জন্য একটি বিশেষ বিভাগ খুলেছে পুলিশ সদর দপ্তর

বাংলাদেশে পুলিশ বিভগের কর্মচারীদের অপেশাদার এবং অনৈতিক কর্মকাণ্ড সম্পর্কে সাধারণ মানুষ যাতে অভিযোগ করতে পারে, সেজন্য একটি বিশেষ বিভাগ খোলা হয়েছে। এর নাম দেয়া হয়েছে আইজিপি কমপ্লেইন সেল। পুলিশ সদর দপ্তরে এই সেলটি ২৪ ঘণ্টা খোলা থাকবে। অতিরিক্ত ডিআইজি পর্যায়ের একজন কর্মকর্তা এই সেলটি তত্ত্বাবধায়ন করবেন। এই সেলটি আসলে কীভাবে কাজ করবে, আমি জানতে চেয়েছিলাম সোহেলী ফেরদৌসের কাছে।

মিসেস সোহেলী : এখানে একজন ব্যক্তি যে কোন কমপ্লেইন করতে পারেন। মোবাইল বা ই-মেইল করে কমপ্লেইন জানাতে পারবে যে কোন সময়ে। এটা আগেও চালু ছিল এখন এটা ২৪ ঘণ্টা খোলা থাকবে। যদি কোন পুলিশ সদস্যের বিরুদ্ধে কোন অভিযোগ ওঠে এখানে যে কেউ কমপ্লেইন করতে পারবেন।

বিবিসি: যেটা বলা হচ্ছে পুলিশের অপেশাদার এবং অনৈতিক কর্মকাণ্ড এই অপেশাদারের এবং অনৈতিক কর্মকাণ্ড বলতে আপনারা আসলে ঠিক বুঝিয়েছেন?

মিসেস সোহেলী: পুলিশের যে কাজটি করা উচিত সেটা তারা পালন করছে না। যদি আইনের বাইরে কিছু করে। আমরা মাঝেমধ্যেই চাঁদাবাজীর কথা পত্রিকায় দেখি বা অসাদাচরণ এরকম কিছু। যেগুলো আইনসম্মত নয়। এগুলো অভিযোগ করা যায়।

বিবিসি: যিনি পুলিশের সম্পর্কে অভিযোগ করবেন তিনি যে হেনস্থা হবেন না বা উল্টো তাকেই যে বিপদে ফেলা হবে না সেই নিশ্চয়তা আসলে কে দেবে?

মিসেস সোহেলী: এই নিশ্চয়তাটা পুলিশই দেবে। যখন পুলিশের বিরুদ্ধে কোন ব্যক্তি মামলা করেন তিনি কিন্তু সেইফ থাকেন। অনেক পুলিশ সদস্যদের বিরুদ্ধে মামলা আছে। অভিযোগ আছে সেখানে যে অভিযোগকারী আছেন তাদের হুমকি দেয়া হচ্ছে বা এরকম কোন সমস্যার মধ্যে আছেন এরকম কোন অভিযোগ কিন্তু আমাদের কাছে আসেনি। যদি কোন নিরাপত্তাহীনতায় কেউ ভোগেন সেটা অবশ্যই আমাদেরকে জানাতে পারেন আমরা ব্যাপারটি দেখব।

বিবিসি: এখানে আরেকটি বিষয় সামনে এসে দাঁড়ায়। সেটি হ'ল একজন পুলিশ কর্মকর্তার ব্যাপারে অভিযোগ করলে তার তদন্ত করবেন অন্য আরেকজন পুলিশ। সাধারণত মানুষের কাছে সে তদন্তটা কতখানি বিশ্বাসযোগ্য হবে?

মিসেস সোহেলী: আমাদের আগে দেখতে হবে অভিযোগটি কেমন ধরনের। তার বিরুদ্ধে অভিযোগটির সত্যতা আছে কি না। সেক্ষেত্রে অভিযোগটি করলেই আমরা অ্যাকশনে যেতে পারি না। প্রাথমিক অনুসন্ধানে যদি প্রমাণিত হয় যে অভিযোগের ভিত্তি আছে তাহলেই আমরা ব্যবস্থা নিয়ে থাকি। (বিবিসি: ০৭৩০ ঘ. ১৪/১১/১৭ আছাদ/নারগীস)

মিয়ানমারে রাখাইন রাজ্যে অভিযান পরিচালনাকারী জেনারেল মংমংকে সরিয়ে দেয়া হয়েছে

মিয়ানমারের সেনাবাহিনীর যে জেনারেল রাখাইন রাজ্যে সামরিক অভিযানের দায়িত্বে ছিলেন তাকে সরিয়ে দেয়া হয়েছে বলে খবর পাওয়া যাচ্চে। জেনারেল মং মং সোয়েকে সরিয়ে তার জায়গায় জেনারেল সোয়ে টিন্ট নাইনকে বসানো হয়েছে। ঐ পরিবর্তনের কোন কারণ জানানো হয়নি। রাখাইন রাজ্যের উত্তরাংশে রোহিঙ্গা মুসলিমদের বিরুদ্ধে চালানো সহিংসতায় অভিযানের পর ছয় লক্ষেরও বেশি রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নিয়েছে।(বিবিসি: ২২৩০ ঘ. ১৩/১১/১৭ আছাদ/নারগীস)

রেডিও তেহরান

খালেদা জিয়ার বক্তব্য আক্রোশপূর্ণ নয় বরং নিরপেক্ষ নির্বাচনের পক্ষে : নজরুল ইসলাম খান

বিএনপি'র জনসভায় বেগম খালেদা জিয়ার দেয়া বক্তব্য আক্রোশপূর্ণ নয়, তার বক্তব্য রাজনৈতিক ও সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচন নিশ্চিতের স্বার্থে, এমন মন্তব্য করেছেন দলটির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান। আজ দুপুরে জাতীয় প্রেসক্লাবে এক আলোচনা সভায় তিনি এই মন্তব্য করেন। নজরুল ইসলাম খান বলেন, শেখ হাসিনার উপর নাকি খালেদা জিয়ার অন্ধ

আক্রোশ কিন্তু শেখ হাসিনা সরকারের অধীনে নির্বাচনে না যাওয়া নিয়ে বিএনপি চেয়ারপারসনের বক্তব্য ছিল রাজনৈতিক। তিনি বলেছেন, শেখ হাসিনা বা তা সরকারের অধীনে কোন নির্বাচনে বাংলাদেশের জনগণ যাবে না। এখানে আক্রোশের কোন ব্যাপার নেই। বক্তব্যে শেখ হাসিনার বিরুদ্ধে খালেদা জিয়া ব্যক্তিগত কোন অভিযোগ করেননি।
(রেডিও তেহরান: ২০৩৫ ঘ.১৩/১১/১৭এলিনা/নারগীস)

রেডিও জাপান

উত্তর কোরিয়াকে চাপ প্রয়োগে পারস্পরিক সম্পর্কের বিষয়টি নিশ্চিত করেছে জাপান-যুক্তরাষ্ট্র-অস্ট্রেলিয়া

উত্তর কোরিয়াকে তার পরমাণু ও ক্ষেপণাস্ত্র কর্মসূচি পরিত্যাগে চাপ প্রয়োগে পারস্পরিক ঘনিষ্ঠ সহযোগিতার বিষয়টি পুনঃনিশ্চিত করেছেন জাপান, মার্কিন যুক্তরাষ্ট্র ও অস্ট্রেলিয়ার নেতৃবৃন্দ। জাপানের প্রধানমন্ত্রী শিনজো অ্যাবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী আসিয়ান সংক্রান্ত শীর্ষ সম্মেলনের পাশাপাশি আজ এক পৃথক বৈঠকে মিলিত হন। এই তিনটি দেশের নেতাদের একত্রে কোন বৈঠকে মিলিত হওয়ার ঘটনা ২০১৪ সালের পর এবারই প্রথম ঘটলো। বৈঠকে মি. অ্যাবে উত্তর কোরিয়া সংক্রান্ত বিষয়টিকে জরুরী ইস্যু বলে অভিহিত করেন। তিনি বলেন, আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতার জন্য অনুরুপ কৌশলগত স্বার্থ ও মুল্যবোধের অধিকারী তাদের তিন দেশের মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতা অব্যাহত রাখা খুব জরুরী। তিন নেতা এব্যাপারে একমত হন যে, জাতিসংঘ নিরাপত্তা পরিষদের গৃহীত প্রস্তাবের পূর্ণাঙ্গ বাস্তবায়নসহ সম্ভবপর সবরকম উপায়ে উত্তর কোরিয়ার উপর সর্বোচ্চ চাপ প্রয়োগ করতে হবে। (রে.জাপান:২১:০০ঘ:১৩/১১/১৭এলিনা/কুহিনূর)

রেডিও এবিসি

বিজেপি'র নেতা-কর্মীদের মানববন্ধন করতে দেয়নি পুলিশ

বাংলাদেশ জনতা পার্টি বিজেপি'র গুম হওয়া সভাপতি ও মুখপাত্র মিঠুন চৌধুরীর সন্ধানের দাবিতে সোমবার জাতীয় প্রেসক্লাবের সামনে পরিবার এবং দলের কর্মীদের মানববন্ধন করতে দেয়নি পুলিশ। তাদের ব্যানার পুলিশ নিয়ে গেছে। তবে, পুলিশ বলেছে, ডিএমপি বা শাহবাগ থানার অনুমতি ছাড়াই মানববন্ধন করায় তাদের সরিয়ে দেয়া হয়।
(রেডিও এবিসি: ১৫:০০ঘ.১৩/১১/১৭সাইফুর/আহমেদ)

তরুণীকে ধর্ষণ ও হত্যার অভিযোগে গ্রেফতার চার ছাত্রলীগ নেতা বহিষ্কার

পাথরঘাটা কলেজ ছাত্রলীগের সভাপতি রুহী আনান দানিয়াল এবং সাধারণ সম্পাদক সাদ্দাম হোসেনসহ চার নেতাকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। তরুণী ধর্ষণ শেষে হত্যা মামলায় গ্রেফতার হওয়ার পর তাদের বিরুদ্ধে এই পদক্ষেপ নেয়া হয়।
(রেডিও এবিসি: ১৫:০০ ঘ. ১৩/১১/১৭ সাইফুর/আহমেদ)

বাঘের চার বাচ্চাসহ দু'জন আটক

যশোরের চাচড়া এলাকা থেকে সোমবার দুপুরে বাঘের চার বাচ্চাসহ দুই যুবককে আটক করেছে পুলিশ।
(রেডিও এবিসি: ১৫:০০ ঘ. ১৩/১১/১৭ সাইফুর/আহমেদ)

অবৈধভাবে পাথর তুলতে গিয়ে একজনের মৃত্যু

সিলেটের জাফলংয়ে মন্দিরের ঝুন এলাকায় সোমবার অবৈধভাবে পাথর তুলতে গিয়ে গর্ত ধসে এবার নারী পাথর শ্রমিকের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন তিন শ্রমিক। (রেডিও এবিসি: ১৫:০০ ঘ. ১৩/১১/১৭ সাইফুর/আহমেদ)

প্রাথমিক থেকে মাধ্যমিক পর্যন্ত বিভিন্ন ধরনের অনিয়ম, দুর্নীতি হয়: টিআইবি

প্রাথমিক থেকে মাধ্যমিক পর্যন্ত বিনামূল্যে পাঠ্য পুস্তকের পাণ্ডুলিপি তৈরি, ছাপা ও বিতরণ পর্যায়ের বিভিন্ন ধরনের অনিয়ম ও দুর্নীতি হয়। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, এনসিটিবি'র কর্মকর্তারাও এসব অনিয়মের সঙ্গে জড়িত। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ টিআইবি'র এক গবেষণায় উঠে এসেছে এসব তথ্য। সোমবার রাজধানীর ধানমণ্ডিতে টিআইবি কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে গবেষণার প্রতিবেদনে বিস্তারিত তুলে ধরা হয়।
(রেডিও টুডে: ১৮:০০ ঘ. ১৩/১১/১৭ প্রতীক/আহমেদ)

রংপুরে হিন্দু সম্প্রদায়ের বাড়িতে আগুন দেয়ার ঘটনায় জড়িত আরও ২৪জনকে গ্রেফতার

রংপুরের হরখালী ঠাকুরপাড়া গ্রামে হিন্দু সম্প্রদ্রায়ের বাড়িতে আগুন দেয়ার ঘটনার সঙ্গে জড়িত অভিযোগে আরও ২৪জনকে গ্রেফতার করেছে পুলিশ। এ নিয়ে গ্রেফতারের সংখ্যা হ'ল ১২৪। ক্ষতিগ্রস্ত পরিবারগুলো নতুন করে ঘর নির্মাণে ব্যস্ত। এদিকে, ফেইসবুকে স্ট্যাটাস দেয়া টিটু রায়কে খুঁজছে পুলিশ। (রেডিও এবিসি: ১৮:০০ ঘ. ১৩/১১/১৭ প্রতীক/আহমেদ)

রেডিও টুডে

রোহিঙ্গাদের নিরাপদে প্রত্যাবাসনের প্রতিশ্রুতি সু চি'র

সেনাবাহিনীর নির্মম নির্যাতনের মুখে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনের প্রতিশ্রুতি দিয়েছেন মিয়ানমারের স্টেট কাউন্সিলর অং সান সু চি। তিনি বলেছেন, বিষয়টিতে বাংলাদেশের সাথে সমঝোতা স্মারক সই হওয়ার তিন সপ্তাহের মধ্যে সব রোহিঙ্গাকে ফিরিয়ে নেয়া হবে। সোমবার ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় আশিয়ান শীর্ষ সম্মেলনে এক প্ল্যানারি অধিবেশনে এসব কথা বলেন সু চি। আশিয়ানের রুদ্ধদ্বার ঐ অধিবেশনের পর ফিলিপাইনের প্রেসিডেন্টের

মুখপাত্র সাংবাদিকদের এসব তথ্য জানান। অধিবেশনে মালয়েশিয়া, ইন্দোনেশিয়া ও সিঙ্গাপুরের পক্ষ থেকে রোহিঙ্গা ইস্যুটি উত্থাপন করা হয় বলে জানা গেছে। এদিকে, রাজধানী গুলশানে গতকাল রোহিঙ্গা বিষয়ক এক আলোচনা সভায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম বলেন, রাতারাতি রোহিঙ্গা সমস্যার সমাধান হবে না।
(রে.টুডে : ০৮৪৫ ঘ.১৪/১১/১৭খালেদা/নারগীস)

বঙ্গবন্ধু ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের "রাজনীতির মহাকাব্য" শীর্ষক গ্রন্থের উন্মোচন করলেন প্রধানমন্ত্রী

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের বিশ্লেষণ নিয়ে বঙ্গবন্ধু ৭ই মার্চের ভাষণ "রাজনীতির মহাকাব্য" এই শীর্ষক গ্রন্থের উন্মোচন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পাশাপাশি গ্রন্থটির ডিজিটাল ভার্সন ই-বুক ও মোবাইল এ্যাপলিকেশনেরও উদ্বোধন করেন তিনি। গতকাল প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিপরিষদের বৈঠকের শুরুতে ঐ গ্রন্থের মোড়ক উন্মোচন করেন বঙ্গবন্ধু কন্যা। এছাড়া ১৯৮২-৮৩ কর বর্ষ থেকে নিয়মিতভাবে কর দেয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আয়কর পরিচয়পত্র ও সম্মাননা তুলে দেন জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ নজিবুর রহমান। বৈঠকের পর সচিবালয়ে এক প্রেস ব্রিফিংয়ে এসব কথা বলেন মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম।
(রেডিও টুডে:০৮৪৫ ঘ.১৪/১১/১৭খালেদা/নারগীস)

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সেনা মোতায়েন করা হবে: মাহবুব তালুকদার

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সেনা মোতায়েন করা হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার মাহবুব তালুকদার। তবে, সেনাবাহিনীকে বিচারিক ক্ষমতা দেয়া হবে, নাকি স্ট্রাইকিং ফোর্স হিসাবে মোতায়েন করা হবে সেই বিষয়ে এখনও সিদ্ধান্ত হয়নি বলে জানান তিনি। গতকাল বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের সাথে আলাপকালে এসব কথা বলেন মাহবুব তালুকদার। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৪/১১/১৭ এলিনা/নারগীস)

আজ রংপুরে ঠাকুরপাড়ার ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনে যাবেন স্বরাষ্ট্রমন্ত্রী

ফেইসবুক স্ট্যাটাস নিয়ে অগ্নিসংযোগের ঘটনায় রংপুর সদর উপজেলার পাগলাপিঠ ঠাকুরপাড়া গ্রামে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন ও ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের সাথে কথা বলতে আজ সেখানে যাচ্ছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল ও পুলিশ মহাপরিদর্শক এ.কে. এম. শহীদুল হক। পরিদর্শন শেষে এক জনসভায় বক্তব্য রাখার কথা রয়েছে তাদের। জেলা পুলিশের গোয়েন্দা কর্মকর্তা শরিফুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৪/১১/১৭ এলিনা/নারগীস)

খালেদা জিয়ার দেয়া প্রস্তাব মেনে নিয়ে সরকারকে গণতন্ত্রের পথে ফিরে আসার আহ্বান আমির খসরুর

গতকাল ঢাকার সমাবেশে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার দেয়া প্রস্তাব মেনে নিয়ে সরকারকে গণতন্ত্রে ফিরে আসার আহ্বান জানিয়েছেন দলটির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী। দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন পরিষদ আয়োজিত ৭ই নভেম্বর ও বাংলাদেশের বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপট শীর্ষক এক গোলটেবিল আলোচনায় একথা বলেন তিনি। এ সময় সরকারকে উদ্দেশ্য করে তিনি বলেন, অবিলম্বে তত্ত্বাবধায়ক সরকারের দাবি মনে নিন, অন্যথায় জনগণের প্রতিবাদের ভাষা পরিবর্তন হয়ে প্রতিরোধে পরিবর্তন হবে।
(রেডিও টুডে: ১৩:৪৫ ঘ.১৩/১১/১৭সাইফুর/আহমেদ)

বেগম খালেদা জিয়ার বক্তব্য সত্যর অপলাপ: মাহবুব-উল-আলম হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব-উল-আলম হানিফ বেগম খালেদা জিয়ার বক্তব্যকে সত্যর অপলাপ মন্তব্য করে বলেছেন, তিনি মিথ্যাচার করে জাতিকে বিভ্রান্ত করেছে। সকালে কুষ্টিয়া সরকারি কলেজে নবনির্মিত শেখ হাসিনা হলের উদ্বোধন অনুষ্ঠানে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। এ সময় হানিফ আরও বলেন, বর্তমান সরকারের অধীনে সংবিধান অনুযায়ী আগামী নির্বাচন অনুষ্ঠিত হবে। (রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১৩/১১/১৭ সাইফুর/আহমেদ)

খালেদা জিয়া প্রতিহিংসার রাজনীতি করেন না: নজরুল ইসলাম খান

জাতীয় প্রেসক্লাবে জাতীয়তাবাদী প্রজন্ম '৭১ আয়োজিত এক আলোচনা সভায় বিএনপি স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের শেখ হাসিনা খালেদা জিয়ার অন্ধ আক্রোশের শিকার। এমন বক্তব্যের সমালোচনা করে বলেন, খালেদা জিয়া প্রতিহিংসার রাজনীতি করেন না। কাজেই আওয়ামী লীগ সাধারণ সম্পাদকের উচিত রাজনৈতিক বক্তব্যের জবাব রাজনৈতিকভাবেই দেয়া। (রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১৩/১১/১৭ সাইফুর/আহমেদ)

হুমায়ূন আহমেদকে স্মরণ করছে ইন্টারনেট ভিত্তিক সার্চ ইঞ্জিল গুগল

বাংলাদেশের নন্দিত লেখক হুমায়ূন আহমদের জন্মদিন স্মরণ করছে ইন্টারনেট ভিত্তিক সার্চ ইঞ্জিল গুগলও। দিবসটি উপলক্ষে গুগলের হোম পেজে হুমায়ূন আহমেদের ছবি সম্মিলিত ডুডল প্রদর্শন করা হচ্ছে। যার নকশায় টি পট ও চায়ের কাপ সামনে নিয়ে বসা হুমায়ূন আহমেদকে দেখা যাচ্ছে বই পড়তে। সামনে তার জনপ্রিয় চরিত্র হিমুকেও দেখা যাচ্ছে হলুদ পাঞ্জাবিতে। ডুডলটি বাংলাদেশের ডমিন হোম পেজেও দেখা যাচ্ছে। (রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১৩/১১/১৭ সাইফুর/আহমেদ)

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আয়কর পরিচয়পত্র হস্তান্তর করেছেন মন্ত্রিপরিষদ সচিব

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আয়কর পরিচয়পত্র হস্তান্তর করেছেন মন্ত্রিপরিষদ সচিব মোঃ শফিউল আলম। সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ সভায় নিয়মিত করদাতা হিসেবে প্রধানমন্ত্রীকে অভিনন্দনও জানান মন্ত্রিপরিষদ সচিব। এদিকে,

মন্ত্রিসভার আজকের বৈঠকে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ রাজনীতির মহাকাব্য শীর্ষক গ্রন্থের ই-বুক ও অ্যাপ উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১৩/১১/১৭ সাইফুর/আহমেদ)

বিচারপতির দুর্নীতির অনুসন্ধান বন্ধে হাইকোর্টের দেয়া চিঠির বৈধতা নিয়ে রুলের রায় আগামীকাল

আপিল বিভাগের সাবেক বিচারপতি মোঃ জয়নুল আবেদীনের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ অনুসন্ধান বন্ধে সুপ্রিম কোর্টের দেয়া চিঠির বৈধতা নিয়ে জারি করা রুলের উপর আগামীকাল রায় ঘোষণা করবেন হাইকোর্ট। বিচারপতি এম. এনায়েতুর রহিমের নেতৃত্বাধীন হাইকোর্টের দ্বৈত বেঞ্চ এই রায় দেবেন। এর আগে গত ৩১শে অক্টোবর রুলের শুনানি শেষে মামলাটি রায়ের জন্য অপেক্ষমান রাখা হয়। (রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১৩/১১/১৭ সাইফুর/আহমেদ)

নিজাম উদ্দীন হাজারির বিরুদ্ধে রিট দায়ের করায় প্রাণনাশের হুমকি দেয়া হচ্ছে রিটকারীকে

নিজাম হাজারির সংসদ সদস্য পদে থাকার বৈধতা চ্যালেঞ্জ করে রিট দায়ের করায় অব্যাহতভাবে প্রাণনাশের হুমকি দেয়া হচ্ছে বলে অভিযোগ করেছেন রিট আবেদনকারী মোঃ সাখাওয়াত হোসেন ভুঁইয়া। সুপ্রিম কোর্টে আইন সাংবাদিকদের সংগঠন ল-রিপোর্টার্স ফোরাম কার্যালয় দুপুরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি এই অভিযোগ করেন। এ সময় জীবনের নিরাপত্তা ও দ্রুত মামলা নিস্পত্তি চেয়ে বিষয়টিতে প্রধানমন্ত্রী ও ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির হস্তক্ষেপ চেয়েছেন ফেনী জেলা যুবলীগের সাবেক এই যুগ্ম আহবায়ক। সাজা কম খেটে বেরিয়ে যান সাংসদ শিরোনামে ২০১৪ সালে জাতীয় একটি দৈনিক প্রকাশিত প্রতিবেদনের ভিত্তিতে নিজাম উদ্দীন হাজারির সংসদ সদস্য পদ শূন্য ঘোষণা চেয়ে একটি রিট আবেদন করা হয়। পরবর্তীতে জারি করা রুলের শুনানি শেষে এর উপর দ্বিধা বিভক্ত রায় তৃতীয় কোন বেঞ্চে শুনানির জন্য অপেক্ষমান রয়েছে। (রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১৩/১১/১৭ সাইফুর/আহমেদ)

এনসিটিবিকে স্বাধীন কমিশন হিসাবে প্রতিষ্ঠা করার আহ্বান ড. ইফতেখারুজ্জামানের

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এনসিটিবি'র পাণ্ডুলিপি প্রণয়ন ও প্রকাশনার বিভিন্ন স্তরে অনিয়ম, দুর্নীতি এবং সুশাসনের অভাবে শিক্ষার মান কমে যাওয়ার পাশাপাশি সাম্প্রদায়িকতা বিস্তারের ঝুঁকি তৈরি হচ্ছে বলে মনে করছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ টিআইবি। দুপুরে রাজধানী ধানমণ্ডির মাইডা সেন্টারে সংস্থাটির নিজস্ব কার্যালয়ে এক সাংবাদিক-সম্মেলনে একটি গবেষণা প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে এতথ্য জানানো হয়েছে। এ সময় এ অবস্থান থেকে উত্তরণে এনসিটিবিকে একটি স্বাধীন কমিশন হিসাবে প্রতিষ্ঠা করাসহ ১৬ দফা সুপারিশ তুলে ধরেন টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। (রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১৩/১১/১৭ সাইফুর/আহমেদ)

রংপুরের ঘটনায় ১৫৯জন আটক, গ্রেফতার আতঙ্কে ২০টি গ্রাম পুরুষ শূন্য

ফেইসবুকে ধর্মীয় অবমাননাকর পোস্টের জেরে রংপুরে স্থানীয়দের সাথে পুলিশের সংঘর্ষের ঘটনায় এ পর্যন্ত ১৫৯জনকে গ্রেফতার করেছে পুলিশ। এ ঘটনায় হয়রানি আর গ্রেফতারী আতঙ্কে পুরুষ শূন্য হয়ে পড়েছে আশপাশের ২০টি গ্রাম। তবে রংপুর রেঞ্জের ডিআইজি খন্দকার গোলাম ফারুক সাধারণ মানুষকে হয়রানি করা হবে না জানিয়ে তাদের ঘরে ফেরার আহ্বান জানিয়েছেন। এদিকে, সকালে ঘটনাস্থান পরিদর্শন করেছেন ঢাকায় ভারতীয় হাইকমিশনের একজন কর্মকর্তা এবং জাতীয় পার্টির মহাসচিব রুহুল আমিন হাওলাদার। (রেডিও টুডে: ১৩:৪৫ ঘ. ১৩/১১/১৭ সাইফুর/আহমেদ)

রবিবারে বিএনপি চেয়ারপারসনের বক্তব্য অপ্রত্যাশিত : বাণিজ্যমন্ত্রী

গতকালের জনসভায় বিএনপি চেয়ারপারসনের দেয়া বক্তব্যকে অপ্রত্যাশিত মন্তব্য করে আওয়ামী লীগ নেতা ও বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, আগামী নির্বাচনে অংশ না নিলে বিএনপি'র অবস্থা ২০১৪ সালের চেয়েও খারাপ হবে। সোমবার সচিবালয়ে তিনি সাংবাদিকদের সাথে আলাপকালে এ প্রশ্নও তোলেন। নির্বাচনের সময় সেনাবাহিনী কেন বিচারিক ক্ষমতা পাবে, ভোটের সময় সেনাবাহিনী কেবল অন্যান্য বাহিনীকে সহায়তা করবে।
(রেডিও টুডে: ১৮:৪৫ ঘ. ১৩/১১/১৭ ফারুক/আহমেদ)

আদালতের নির্দেশের কারণে চার বছরের শিশুকেও মুক্তিযোদ্ধার তালিকায় রাখা হচ্ছে: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

আদালতের নির্দেশের কারণে চার বছরের শিশুকেও মুক্তিযোদ্ধাদের তালিকায় রাখা হচ্ছে বলে জাতীয় সংসদকে জানিয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ.ক.ম. মোজাম্মেল হক। বিকেলে দশম জাতীয় সংসদের ১৮তম অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে তিনি আরও বলেন, আদালতের স্থগিতাদেশের কারণে এখনও অমুক্তিযোদ্ধারা মুক্তিযোদ্ধাদের তালিকায় রয়েছে তাদেরকে ভাতা ও দিতে হচ্ছে। (রেডিও টুডে: ১৮:৪৫ ঘ. ১৩/১১/১৭ প্রতীক/আহমেদ)

:: সমাপ্ত ::

[মনিটরিং পরিদপ্তর প্রকৌশল শাখা ভয়েস অব আমেরিকার(ভোয়া) রেকর্ডিং সরবরাহ করতে না পারায় (online পাওয়া যায়নি বিধায়) ভোয়া মনিটর করা সম্ভব হয় নাই।]